

## সদস্য পদ

EPSA, UAP এর সদস্যপদ সাধারণত তিনটি পরিষদে বিভক্ত।

- ক) সাধারণ সদস্য পরিষদ।
- খ) আজীবন সদস্য পরিষদ।
- গ) পৃষ্ঠপোষক সদস্য পরিষদ।

**সদস্য নির্বাচনের নীতিমালা:** EPSA, UAP এর সদস্য পরিষদের সদস্য হতে ইচ্ছুক প্রার্থীগনকে অবশ্যই UAP থেকে B. Pharm সম্পন্ন হতে হবে এবং সংগঠনের নিম্নলিখিত যাবতীয় নিয়ম ও ধারা মেনে চলতে হবে:

- (ক) কার্যনির্বাহী পরিষদের অনুমোদিত সকল যৌক্তিক সিদ্ধান্ত মেনে চলতে হবে।
- (খ) সংগঠনের নামে যে কোন কার্যক্রম পরিচালনার জন্য সদস্যগনকে অবশ্যই নির্বাহী কমিটির পূর্বানুমতি নিতে হবে।
- (গ) UAP হতে B. Pharm সম্পন্নকৃত যে কোন দেশের নাগরিক EPSA, UAP এর সদস্য হতে পারবে।
- (ঘ) কার্যনির্বাহী পরিষদ হতে অনুমোদনকৃত বিভিন্ন অনুষ্ঠানের জন্য সম্মানি প্রদান করতে হবে।
- (ঙ) EPSA, UAP সদস্য পরিষদের (আজীবন সদস্য ব্যতীত) জন্য নির্ধারিত সদস্য ফি নিয়মিতভাবে প্রদানকারীদের মধ্য হতে কার্যনির্বাহী পরিষদের প্রার্থী হতে ও ভোট দিতে পারবেন।

**সাধারণ সদস্য পরিষদ:** EPSA, UAP এর সাধারণ সদস্য হতে হলে সদস্য নির্বাচনের সকল নীতিমালা মেনে চলতে হবে। প্রাথমিক ভাবে ১০০/- (একশত) টাকা সদস্য ফি প্রদান করে সদস্যপত্র পূরণ করতে হবে। বাৎসরিক ১,০০০/- (এক হাজার) টাকা সদস্য ফি সহ সদস্যপত্র অর্থ সম্পাদকের নিকট প্রদান করতে হবে। পরবর্তী বৎসরের সদস্য ফি বাৎসরিক সভা হওয়ার সময় এককালীন পরিশোধ করতে হবে।

**আজীবন সদস্য পরিষদ:** EPSA, UAP এর আজীবন সদস্য পদ পেতে হলে প্রাথমিক ভাবে ১০০/- সদস্য ফি প্রদান করে সদস্যপত্র পূরণ করতে হবে। এককালীন ৬,০০০/- (ছয় হাজার) টাকা সদস্য ফি সদস্য পত্রের সাথে অর্থসম্পাদকের নিকট জমা দিতে হবে।

**পৃষ্ঠপোষক সদস্য পরিষদ:** UAP হতে B. Pharm পাশকৃতরা এবং নূন্যতম এককালীন ১০,০০০/- (দশ হাজার) টাকা অর্থ সম্পাদকের নিকট জমা করে কার্যনির্বাহী পরিষদের অনুমোদনক্রমে পৃষ্ঠপোষক সদস্যপদ লাভ করতে হবে। প্রাথমিকভাবে ১০০/- (একশত) টাকা সদস্য ফি সহ সদস্যপত্র পূরণ করে অর্থ সম্পাদকের কাছে জমা করতে হবে।